# জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট আইন, ১৯৯২

( ১৯৯২ সনের ২৭ নং আইন )

**জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট নামে একটি ইনষ্টিটিউট স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবত্ হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "ইনষ্টিটিউট" অর্থ এই আইনের অধীন স্থাপিত জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট;

(খ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(গ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঘ) "বোর্ড" অর্থ ইনষ্টিটিউটের পরিচালনা বোর্ড;

(ঙ) "মহাপরিচালক" অর্থ ইনষ্টিটিউটের মহাপরিচালক;

(চ) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য;

(ছ) "সভাপতি" অর্থ বোর্ডের সভাপতি।

**ইনষ্টিটিউট স্থাপন**

৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, এই আইনের বিধান অনুযায়ী জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট নামে একটি ইনষ্টিটিউট স্থাপিত হইবে।

(২) ইনষ্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইন ও বিধি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর

করার ক্ষমতা থাকিবে এবং ইহার পক্ষে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) ইনষ্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

**সাধারণ পরিচালনা**

৪। ইনষ্টিটিউটের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ইনষ্টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

**পরিচালনা বোর্ড**

৫। পরিচালনা বোর্ড নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়- সভাপতি;

(খ) প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়- সহ-সভাপতি;

(গ) স্থানীয় সরকার মন্ত্রণালয় বা বিভাগের সচিব-সদস্য;

(ঘ) সংস্থাপন মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা;

(ঙ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা;

(চ) পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা;

(ছ) বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি;

(জ) মহাপরিচালক, ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র;

(ঝ) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা;

(ঞ) ঢাকা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা;

(ট) সরকার কর্তৃক মনোনীত চারটি স্থানীয় সরকারের চারজন প্রতিনিধি;

(ঠ) প্রকৌশল উপদেষ্টা, স্থানীয় সরকার প্রকৌশল ব্যুরো;

(ড) ইনষ্টিটিউটের মহাপরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

**ইনষ্টিটিউটের দায়িত্ব**

৬। ইনষ্টিটিউটের নিম্নরূপ দায়িত্ব থাকিবে, যথা:-

(ক) সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সদস্য, কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;

(খ) সরকার কর্তৃক নির্দেশিত স্থানীয় সরকার সংক্রান্ত বিষয়ের উপর সরকারকে পরামর্শ প্রদান করা;

(গ) স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;

(ঘ) স্থানীয় সরকারের সহিত সম্পর্কিত বিভিন্ন সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা;

(ঙ) স্থানীয় সরকার বিষয়ে জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, আন্তর্জাতিক পর্যায়ের কর্মশিবির, সেমিনার এবং সম্মেলনের আয়োজন করা;

(চ) স্থানীয় সরকার এবং ইহার সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয়ের তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করা;

(ছ) স্থানীয় সরকার এবং ইহার সহিত সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় সম্পর্কে ডকুমেন্টেশনের সুবিধা প্রদান এবং জাতীয় ডকুমেন্টেশন কেন্দ্র গড়িয়া তোলা;

(জ) স্থানীয় সরকার বিষয়ক গ্রন্থ, সাময়িকী, গবেষণা প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা;

(ঝ) গ্রন্থাগার ও পাঠকক্ষ স্থাপন ও পরিচালনা করা;

(ঞ) স্থানীয় সরকার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের সমন্বয় সাধন করা;

(ট) সরকারের পূর্বানুমোদনক্রমে, স্থানীয় সরকার বিষয়ে বিদেশী ও আন্তর্জাতিক সংস্থার সহিত যোগাযোগ এবং প্রয়োজনে, যৌথ কর্মসূচী গ্রহণ করা;

(ঠ) স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;

(ড) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যক্রম গ্রহণ করা;

(ঢ) উপরোক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা৷

**মহাপরিচালক ও পরিচালক**

৭৷ (১) ইনষ্টিটিউটের একজন মহাপরিচালক এবং সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক পরিচালক থাকিবে৷

(২) মহাপরিচালক ও পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে৷

(৩) মহাপরিচালক পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নব নিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক পুনরায় স্বীয়